মাননীয়,

যুগ্ম জিলা জজ ১ম আদালত ,ফেনী জেলা-ফেনী।

দেওয়ানী মামলা নং- /১৮ইং।

নিম্ম তফছিল বর্নিত ভূমি হইতে দোকান গৃহ ভগ্নক্রমে খাস দখল পাওয়ার আবেদন।

তা্যদাদ মং- ৪,৫০,০০০/-

১। ছকিনা বেগম, জং- আবদুল সেলিম

২। আবদুল সেলিম, পিতা- মৃত আবদুছ ছোবহান, সাং- রামপুর, থানা- দাগনভুঁঞা, জেলা -ফেনী।

বাদীগৰ

বনাম

- ১। ইমরান হোসেন (অশ্র)
- ২। রিপাজ হোসেন(নিপু)

সর্ব পিতা- মোজাম্মেল হক, সাং- রামপুর, থানা- দাগনভুঁঞা, জেলা- ফেনী।

বিবাদীগৰ

বাদীগনের দাওয়া এই,

১। অত্রাদালত এলাকাধীন বাদীগন স্বামী স্ত্রী বটে। রামপুর মৌজার ১৫৮১ দাগে ১০ ডিং ভুমি ছালেহা খাতুন মালিক ছিলেন। উক্ত ১৫৮১ দাগের লাগ পশ্চিমের ৩৩৯১ দাগের ভূমি অবস্থিত হয়। উক্ত ৩৩৯১ দাগের লাগ পশ্চিম ১৮১৯ দাগ ট্রাংক রোডে অবস্থিত হয়। ৩৩৯১ দাগের কতেক ভূমি উক্ত ছালেহা থাতুন সরকার হইতে বন্দোবস্ত নিয়াছে বলিয়া মালিক থাকা দাবী করায় সে সুবাদে ১ নং বাদীর পিতা সুলতানা আহাম্মদ ও ১নং বাদীর স্বামী ২নং বাদী আবদুল সেলিম বেনালিশী ১৫৮১ দাগের ১০ ডিং ভূমি বাসা বাড়ি করার জন্য এবং নালিশী ৩৩৯১ দাগের ২.৫০ ডিং ভূমি দোকান করার জন্য ১নং বাদীর পিতা সুলতান আহাং এবং ২নং বাদী আবদুল হকের মালিকী মঠবাডিয়া মৌজার ২৩.৫০ ডিং ভূমির সহিত বিগত ৮/৬/৯৩ইং তারিখের রেজিট্ট্রিকৃত ৩৯৪১নং এওজ নামা দলিল মূলে এওজ করেন। সুলতান আহাং এর মৃত্যুতে তাহার কন্যা ১নং বাদীনি পিতার ওয়ারিশসূত্রে উক্ত ভূমিতে মালিক দখলকার হয়। উক্ত এওজমূলে বাদীগন ১৫৮১ দাগে মালিক দখলকার হইয়া ৬ তলা বাসা বাড়ি নির্মাণ করেন এবং বাসার দক্ষিন দিক হইতে ৩৩৯১ দাগের এওজকৃত ২.৫০ ডিং ভূমি সোজা পশ্চিম দিকে কলেজ রোড় পর্যন্ত দখল নিয়া মাটি দ্বারা উঁচু করতঃ দোকান গৃহ করার জন্য বাদীগন ভিটি ভূমিতে পরিণত করে রাখেন। উক্ত ২.৫০ ডিং ভূমির উত্তর দিক দিয়া বাদীগন বাসা হইতে বাহির হইয়া পশ্চিম দিকে ৩৩৯১ দাগের বে-নালিশী অংশের ভূমির উপর দিয়া পথ স্বরুপে ব্যবহার করিয়া ট্রাংক রোডে উঠে। উক্ত ৩৩৯১ দাগের ২.৫০ ডিং ভূমির সাথের ভূমিতে বাদীগনের পথাধিকার জিম্মিয়াছে। বাদীগনের মালিকী ৩৩৯১ দাগের ভূমি বাবতে হাল বি,এস জরিপে ১০০৮০ দাগে ঐ ভূমি ১০১৩০ নং বি,এস ডি.পি খতিয়ানে রেকর্ড হইয়াছে। ৩৩৯১ দাগের উক্ত ২.৫০ ডিং ভূমি বিবাদীগনের মাতা এওজ দিয়া নিঃস্বত্ববান হয় ও মাতার মৃত্যুতে বিবাদীগন ও নিঃস্বত্ববান হ্ম। তথাপিও বিবাদীগন একান্ত অন্যাম ও বে-আইনী ভাবে বাদীগনের মালিকী দখলীয় ২.৫০ ডিং ভূমি আঃ .৬৮ ডিং ভূমিতে গায়ের জোরে পাকা দোকান করার জন্য নির্মাণ সামগ্রী কাছাকাছি জড়ো করিয়া বিগত ২০/৬/১৮ইং তারিখে কাজ করিতে চেষ্টা করিলে বাদীপক্ষ বাঁধা প্রদান করিলে বিবাদীগন লেবার ও রাজের লোকজন সহ চলিয়া যায়। ২নং বাদী তখন অন্ন্যোপায় হইয়া ফৌঃ কাঃ বি ১৪৫ ধারার বিধান মতে মিস ১৫৮/১৮ ইং ধারার মামলা আনয়ন করেন। উক্ত মিস মামলা তদন্তের জন্য পি.আই.বিকে দেওয়ায় উক্ত তদন্ত কার্য্যকরিতে

কিছু দেরি হওয়ায় উক্ত সময়ের মধ্যে বিবাদীগন বিগত ৩/৬/২০১৮ইং তারিখে গৃহ নির্মাণ আরম্ভ করিয়া ৩০/৭/২০১৮ইং তারিখে ২ কক্ষ দোকান গৃহ বাদীগনের মালিকী দখলীয় উক্ত .০৬৮ জায়গায় দোকান গৃহ নির্মাণ করিয়া ফেলে। ১নং বাদীনির স্বামী ২নং বাদী বাস্তবে উক্ত ২.৫০ ডিং ভূমি দোকান গৃহ নির্মাণ করার জন্য বিবাদীগনের মাতা হইতে এওজ করে দখল নিয়া দোকান ভিটিতে পরিণত করে রাখেন।

- ২। বিবাদীগন কর্তৃক উক্ত সাইড ওয়াল বিশিষ্ট ২টি কক্ষ তথা দোকান গৃহ-বেআইনী ও অন্যায়ভাবে নির্মাণ করায় উক্ত গৃহ ভগ্নক্রমে বাদীগন খাষ দখল পাওয়ার জন্য বিবাদীগন বিরুদ্ধে অত্র মামলা আন্য়ন করিতেছে। বিবাদীগনের মাতা কর্তৃক এওজ মূলে ১নং বাদীনির পিতা ও ১নং বাদীনির স্বামী ২নং বাদীর সহিত এওজ করে এওজ মূলে দখল দিয়ে দেওয়ায় বিবাদীগনের উক্ত ভূমিতে আর কোন মালিকানা ও স্বত্ত; দখল নাই ও ছিল না। বাদীগন আইনতঃ ন্যায়তঃ তদ্রুপ ডিক্রী পাওয়ার অধিকারী ও হকদার বটে।
- ৩। বিবাদীগন বিগত ২০/৬/২০১৮ইং তারিখের পর হইতে গৃহ নির্মাণের কাজ আরম্ভ করিয়া ৩০/৬/২০১৮ইং তারিখে দোকান গৃহ নির্মাণ কাজ করে ফেলায় উক্ত তারিখ হইতে অত্রাদালতের এলাকায় বর্তমান মামলার কারণ উদ্ভব হইয়াছে।
- ৪। নালিশী নিম্ম তপছিল বর্নিত .০৬৮ ডিং ভূমির বাজার মূল্য ৪,৫০,০০০/- টাকা তায়দাদ ধরটে তদুপরি এডভোলেরাম কোর্ট ফি যুক্তে বাদীগন অত্র মামলা দায়ের করিলেক।
- ৫। অতএব, বাদীগন বিনীতভাবে প্রার্থনা করেন যে,
- (ক) নালিশী নিম্ম তপছিল বর্নিত মোঃ ০.৬৮ ডিং ভূমিস্থিত বিবাদীগন কর্তৃক নির্মাণকৃত ২ কক্ষ বিশিষ্ট সাইড ওয়াল উপরে টিনের ছাউনিযুক্ত দোকান গৃহ ভগ্নক্রমে বাদীগনের অনুকূলে বিবাদীগনের বিরুদ্ধে খাষ দখলের ডিক্রী প্রদান করার.
- (খ) সম্যক আদালত ব্যয় বিবাদীগনের বিরুদ্ধে ডিক্রী প্রদান করার,
- (গ) অথবা আদালতের ন্যায় বিচারে বাদীগন আর যে যে প্রতিকার ও উপকার পাইতে পারে তম্মর্মে ডিক্রী প্রদান করার মর্জি হয়।

তফছিল নালিশী ভূমির পরিচ্য়

জিলা- দাগনভুঁঞা, মৌজে রামপুর মধ্যে সাবেক ৩৩৯১ দাগ যাহা ৩৩৯১ দাগ ২৫ ডিং আঃ ২.৫০ ডিং ভূমি যাহা হাল বি,এস জরিপে বাদীগনের নামে বি,এস ১০১৩০ নং থতিয়ান হাল ১০০৮০ দাগ ০২.৫০ ডিং তদান্দরে .০৬৮ ডিং ভূমিতে নির্মাণকৃত ২ কক্ষ বিশিষ্ট সাইড ওয়াল বিশিষ্ট দোকান গৃহ এবং তাহাই ভগ্নক্রমে থাষ দখল প্রার্থীত হয়।

যাহার চৌহুদী এই-

উত্তরে ৩৩৯১ দাগের বে-নালিশী অংশ হয়। দক্ষিনে বাদীগনের ১৫৮১দাগের বাসার লাগ দক্ষিণ হইতে পশ্চিম আসিয়া কলেজ রোড় পর্যন্ত, পূর্বে বাদীগনের ১৫৮১ দাগের বাসাবাড়ী, পশ্চিমেঃ সাবেক ১৮১৯ দাগ কলেজ রোড়।

সত্যপাঠ

অত্র আর্জির লিখিত যাবতীয় বিবরণ আমার জানা মতে সত্য। অত্র সত্যতায় শুদ্ধ স্বীকারে নিশ্মে আমার নিজ নাম স্বাক্ষর প্রদান করিলাম। ইতি তাং-